

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতি, সেপ্টেম্বর ২৮, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৪/১২ই আশ্বিন, ১৪০১

এস, আর, ও, নং ২৮০-আইন/৯৪/৮৮-সূচক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১, (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ই মাঘ ১৩৯৮ মোতাবেক ২৭শে জানুয়ারী ১৯৯২ তারিখের এস, আর, ও ১৮-আইন/৯২/৮-সূচক নং প্রজ্ঞাপনে নিম্নরূপ সংশোধন করল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—(১) প্রস্তাবনায় “কার ও মাইক্রোবাস” শব্দগুলির পরিবর্তে “কার, মাইক্রোবাস, পিকআপ ও ছীপ” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) দফা ২ এর পরিবর্তে নিম্নরূপ দফা ২ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“২। উক্তরূপ কোন একটি শিল্প প্রতিষ্ঠান শুধু ২০০০ সিসি পর্যন্ত কার, পিকআপ, ছীপ এবং মাইক্রোবাস, এর মধ্যে যে কোন দুইটি যানবাহন আমদানি করতে পারবে :

তবে শর্ত থাকে যে, উক্ত শিল্প প্রতিষ্ঠান উক্তরূপ যানবাহন ছাড়াও উপরে বর্ণিত চার ধরনের যানবাহনের মধ্যে হইতে অতিরিক্ত আরও একটি যানবাহন এই প্রজ্ঞাপনে

বণিত মূল্য সংবোধন কর অববাহিতর আওতায় আমদানি করতে পারিবে যদি Bangladesh Export Processing Zones Authority এই মর্মে প্রত্যয়ন করে যে, সংশ্লিষ্ট শিল্প প্রকল্পটিতে—

- (ক) কমপক্ষে দশ লক্ষ বার্কিন ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করা হইয়াছে, এবং
(খ) কমপক্ষে পাঁচশত বাংলাদেশী নাগরিক নিয়োজিত রহিয়াছে।”

২। এই প্রজ্ঞাপন ২১শে নভেম্বর, ১৯৯৩ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আবদুর আলী খান

সচিব।

মোঃ মিজানুর রহমান, টিপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আবদুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

ভেঙ্গুগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।